

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
জনসংখ্যা -১ শাখা  
বাংলাদেশ সচিবালয়  
[www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd)

বিষয় : স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর ইনোভেশন টিমের ২০তম সভার (ফেব্রুয়ারি ২০১৯) কার্যবিবরণী।

সভাপতি : কাজী আ. খ. ম. মহিউল ইসলাম  
অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) ও চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

তারিখ ও সময় : ১৯/০২/২০১৮, দুপুর ১.৩০ টা

স্থান : অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) এর দাপ্তরিক কক্ষ (কক্ষ নং-২২২, ভবন নং-৩, ৩য় তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

উপস্থিতির তালিকা- পরিশিষ্ট - "ক"

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরিচিতি পর্বের পর তিনি সূচনামূলক বক্তব্য রাখেন।

২. আলোচনা :

- ২.১ সভাপতির আহ্বানের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব এস, এম, আহসানুল আজিজ, উপসচিব (জনসংখ্যা-১), ইনোভেশন টিমের গত সভার সিদ্ধান্তসমূহ এবং আজকের সভার (২০তম সভা) আলোচ্য বিষয়বস্তু অবহিত করেন।
- ২.২ সভায় পরিবার পরিকল্পনা অধিদপ্তর, নিপোর্ট, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর এবং স্বাস্থ্য অধিদপ্তরের (চিকিৎসা শিক্ষা সংশ্লিষ্ট) চলমান উদ্ভাবন কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতির উপর আলোচনা হয়। এছাড়া স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং এর আওতাধীন দপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯ এর বাস্তবায়ন অগ্রগতির উপর আলোচনা হয়।

৩. সিদ্ধান্ত:

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ৩.১. নার্সিং ও মিডওয়াইফারী শিক্ষা সংশ্লিষ্ট চলমান উদ্ভাবন পাইলট কার্যক্রম আগামী জুন, ২০১৯ মাসের মধ্যে সম্পন্ন করা নিশ্চিত করতে হবে।
- বাস্তবায়নকারী : ১। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর  
২। ইনোভেশন টিম, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর
- ৩.২. পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মাঠ পর্যায়ে চলমান পাইলট/রেপ্লিকেশন উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট ইউনিট (এফ এস ডি/ সিসি এস ডিপি/ এম সি এইচ, প্রভৃতি) কর্তৃক প্রয়োজনীয় সহায়তা (আর্থিক/কারিগরি) প্রদান করা যেতে পারে।
- বাস্তবায়নকারী : ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের  
২। লাইন ডাইরেক্টর, এফ এস ডি/ সিসি এস ডিপি/ এম সি এইচ/সংশ্লিষ্ট ইউনিট।  
৩। ইনোভেশন টিম, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

- ৩.৩. পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রতিটি চলমান পাইলট উদ্ভাবন কার্যক্রম এর বিষয়ে প্রাথমিক এ্যাসেসমেন্ট/মূল্যায়ন করে বাস্তবায়নযোগ্য ও তাৎপর্যপূর্ণ/গুণগতমান সম্পন্ন পাইলট প্রকল্প অতি শীঘ্র চিহ্নিত করতে হবে।  
বাস্তবায়নকারী : ইনোভেশন টিম, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
- ৩.৪. পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ইনোভেশন টিমের সভায় উদ্ভাবন কার্যক্রম সংশ্লিষ্ট বিভিন্ন ইউনিট এর উপযুক্ত প্রতিনিধিকে আমন্ত্রণ জানানো যেতে পারে যাতে করে মাঠ পর্যায়ে চলমান পাইলট/রেপ্লিকেশন উদ্ভাবন প্রকল্প সমূহ বাস্তবায়নে বাধা বা প্রতিবন্ধকতা দূরীকরণে অধিকতর কার্যকর দিক নির্দেশনা/সহায়তা প্রদান করা যায়।  
বাস্তবায়নকারী : ইনোভেশন টিম, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
- ৩.৫. পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতায় নড়াইল এবং মানিকগঞ্জ জেলায় 'ডিপো কর্নার স্থাপন ও মোবাইলে ভয়েস কল প্রেরণের মাধ্যমে পরিবার পরিকল্পনা পদ্ধতি ও প্রসবপূর্ব/পরবর্তী সেবার ড্রপআউট হ্রাস করণ' শীর্ষক চলমান উদ্ভাবন রেপ্লিকেশন কার্যক্রম এর বাস্তবায়নে গতিশীলতা আনয়ণে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সংশ্লিষ্ট ইউনিট/ অপারেশন প্ল্যান এর মাধ্যমে Paid Peer Volunteer নিয়োজিত করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে। এবিষয়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ইনোভেশন টিম সভা করে কার্যক্রম পদক্ষেপ গ্রহণ করবে।  
বাস্তবায়নকারী : ইনোভেশন টিম ও সংশ্লিষ্ট ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
- ৩.৬. উদ্ভাবন কার্যক্রম এর সফল বাস্তবায়নের জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ইনোভেশন টিম এবং সংশ্লিষ্ট ইউনিট/লাইন ডাইরেক্টরের মাঝে সমন্বয় শক্তিশালী /জোরদার করতে হবে।  
বাস্তবায়নকারী : ইনোভেশন টিম, এবং উদ্ভাবন কার্যক্রম সংশ্লিষ্ট ইউনিট/লাইন ডাইরেক্টর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
- ৩.৭. পরিবার পরিকল্পনা অধিদপ্তরের চলমান উদ্ভাবন রেপ্লিকেশন এর ক্ষেত্রে আউটকাম স্টাডি অতিশীঘ্র সম্পন্ন করতে হবে। এ কাজে এটু আই এর নিকট হতে সহায়তা নেয়া যেতে পারে।  
বাস্তবায়নকারী : ইনোভেশন টিম, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
- ৩.৮. জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইউস্টিটিউট (নিপোর্ট) এর আওতায় প্রশিক্ষণার্থীদের 'On Line Registration System' নামক SPS কার্যক্রম চালুর ক্ষেত্রে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় সহায়তা/পরামর্শ গ্রহণ করা যেতে পারে।  
বাস্তবায়নকারী : ইনোভেশন টিম ও সংশ্লিষ্ট ইউনিট, নিপোর্ট
- ৩.৯. পরিবার পরিকল্পনা অধিদপ্তর, নিপোর্ট এবং নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর এর মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবন কার্যক্রমে নিয়মিত পরিদর্শন করে সফল বাস্তবায়নে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করতে হবে।  
বাস্তবায়নকারী : ১। ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
 ২। ইনোভেশন টিম, পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
 ৩। ইনোভেশন টিম, নিপোর্ট  
 ৪। ইনোভেশন টিম, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর

*dm*

৩.১০ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৮-২০১৯ এর আলোকে উদ্ভাবন শৌকেসিং কর্মশালা নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পনের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। শৌকেসিং কর্মশালার জন্য পাইলট প্রকল্পের প্রাথমিক তালিকা অতি শীঘ্র চূড়ান্ত করতে হবে।

বাস্তবায়নকারী : ইনোভেশন টিম, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

৩.১১ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং এর সংশ্লিষ্ট দপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৮-২০১৯ এর অন্তর্গত বিষয়াবলী নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তবায়ন নিশ্চিতকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

বাস্তবায়নকারী : ১। ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

২। ইনোভেশন টিম, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

৩। ইনোভেশন টিম, নিপোর্ট

৪। ইনোভেশন টিম, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর

৫। ইনোভেশন টিম, স্বাস্থ্য অধিদপ্তর ( চিকিৎসা শিক্ষা সংশ্লিষ্ট উদ্ভাবনের ক্ষেত্রে)

৪। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

১৯/০৩/২০১৯

(কাজী আ.খ.ম. মহিউল ইসলাম )

অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন )

ও

চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নং-৫৯.০০.০০০০.১১৪.০৬.০১২.২০১৭-২৩

তারিখ: ৫ ফেব্রু ১৪২৫  
১৯ মার্চ ২০১৯


বিতরণ : (স্বাভিক্রমক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃ: আ: পরিচালক, মেডিকেল এডুকেশন)
- ২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
- ৩। মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), ১৩/১, শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা
- ৪। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, শের-ই-বাংলা নগর, ঢাকা
- ৫। জনাব গৌতম কুমার, যুগ্ম সচিব (আইন) ও সদস্য, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম
- ৬। ডা: মো: সারোয়ার বারী, যুগ্মসচিব ও লাইন ডাইরেক্টর, এফ এসডি, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
- ৭। জনাব মোহাম্মদ আবদুস সালাম, উপপ্রধান ও সদস্য, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম
- ৮। ডা: নূরুন নাহার বেগম, উপ পরিচালক ও প্রোগ্রাম ম্যানেজার, সি সি এস ডি পি, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
- ৯। জনাব মো: আবুল কালাম আজাদ, লজিস্টিক মনিটরিং অফিসার ও ডিপি এম, এম আই এস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান
- ১০। ডা: শেখ মো: মনছুর রহমান, উপ পরিচালক, মেডিকেল এডুকেশন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ১১। হিরো ধর, প্রশিক্ষক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), ১৩/১, শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা

Page 3 of 4

minutes February 2019 meeting MEFWD Innovation Team

- ১২। ডা: মো: ফায়জুর রহমান, সহকারী পরিচালক, এম সি এইচ সার্ভিসেস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
- ১৩। মোসাম্মদ শাহীনুর বেগম, সহকারী পরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, শের-ই-বাংলা নগর, ঢাকা
- ১৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবর কল্যাণ মন্ত্রণাল, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে, ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৫। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

  
১২/০৬/২০১৯  
(এস, এম, আহসানুল আজিজ)  
উপসচিব (জনসংখ্যা-১)  
ও  
সদস্য সচিব, ইনোভেশন টিম  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
ফোন: ৯৫৪৬০৪৬  
মেইল: population1@mefwd.gov.bd